

## নৌবাহিনী আন্তঃজাহাজ/ ঘাঁটি 'টি-২০ টুর্নামেন্ট-২০১৮' ক্রিকেট প্রতিযোগিতা অনুষ্ঠিত

বাংলাদেশ নৌবাহিনীর আন্তঃজাহাজ/ ঘাঁটি 'টি-২০ টুর্নামেন্ট-২০১৮' ক্রিকেট প্রতিযোগিতা রবিবার (০১-০৪-২০১৮) চট্টগ্রামস্থ বানোজা ঈসাখান ক্রীড়া কমপ্লেক্সে সমাপ্ত হয়েছে। সমাপনী দিনে কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড কমডোর মোহাম্মদ মঈনুল হক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতার ফাইনাল খেলা উপভোগ করেন এবং পরে বিজয়ী ক্রিকেটারদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এ সময় অন্যান্যদের মধ্যে স্থানীয় পদস্থ নৌ কর্মকর্তাগণ এবং নৌবাহিনীর বিপুল সংখ্যক সদস্য উপস্থিত ছিলেন।



নৌবাহিনী আন্তঃজাহাজ/ঘাঁটি 'টি-২০ টুর্নামেন্ট-২০১৮' ক্রিকেট প্রতিযোগিতার ফাইনাল খেলায় বিজয়ী দলের হাতে ট্রফি তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড কমডোর এম মঈনুল হক, (ই), এনপিপি, এনএসডব্লিউসি, পিএসসি।

বিএন ডকইয়ার্ডের সার্বিক ব্যবস্থাপনায় অনুষ্ঠিত এ প্রতিযোগিতায় বাংলাদেশ নৌবাহিনীর ঢাকা, চট্টগ্রাম ও খুলনা নৌ অঞ্চলের বিভিন্ন জাহাজ ও ঘাঁটির মোট নয়টি দল অংশগ্রহণ করে। গত ২৫ মার্চ হতে ০১ এপ্রিল পর্যন্ত আট দিনব্যাপী আয়োজিত এ প্রতিযোগিতার সমাপনী দিনে ফ্রিগেট স্কোয়াড্রন ও স্পেশাল কমান্ড দলের মধ্যে ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। খেলায় ফ্রিগেট স্কোয়াড্রন দল ২৪ রানে স্পেশাল কমান্ড দলকে পরাজিত করে বিজয়ী হয়। বিজয়ী দলের সাঃ লেঃ মোঃ শাওকতুল ইসলাম খান শাওন অনন্য ক্রীড়া নৈপুণ্য প্রদর্শন করে প্রতিযোগিতায় 'ম্যান অব দ্যা ম্যাচ' ও 'ম্যান অব দ্যা টুর্নামেন্ট' এর পুরস্কার লাভ করেন।